

বিজ্ঞপ্তি

নং- ৮০.১০৫.০১১.৩৪.০৬.০৭১.২০১৬ (অংশ-১) - ১১৩

তারিখঃ ২১ ভাদ্র, ১৪২৪ বঙ্গাব্দ।
১০ সেপ্টেম্বর, ২০১৭ খ্রিস্টাব্দ।

বিষয় : যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীন যুব উন্নয়ন অধিদপ্তরের ২য় শ্রেণির উপ সহকারী প্রকৌশলী পদে নিয়োগের জন্য প্রার্থীদের লিখিত পরীক্ষার সময়সূচী ও নির্দেশাবলী।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীন যুব উন্নয়ন অধিদপ্তরের ২য় শ্রেণির উপ সহকারী প্রকৌশলী পদের (২০.০২.২০১৭ খ্রিঃ তারিখের বিজ্ঞপ্তি নং ১৭) নিয়োগের জন্য যোগ্য প্রার্থীদের লিখিত পরীক্ষা নিম্ন বর্ণিত তারিখ, সময় ও স্থানে অনুষ্ঠিত হবে।

লিখিত পরীক্ষার স্থান : শেরে বাংলা নগর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, শেরে বাংলা নগর, ঢাকা।

লিখিত পরীক্ষার তারিখ ও সময় : ২০.০৯.২০১৭ খ্রিঃ, বুধবার, দুপুর ১:৩০, মিনিট থেকে বিকাল ৪:৩০ মিনিট পর্যন্ত।

পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলীঃ

১. উক্ত পদে প্রার্থীদের আবেদনপত্র অনলাইনে গ্রহণ করা হয়েছে। লিখিত পরীক্ষার জন্য কোন প্রবেশপত্র প্রেরণ করা হবে না। প্রবেশপত্র হারিয়ে গেলে/নষ্ট হলে কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd এবং টেলিটক বাংলাদেশ লিঃ এর <http://bpsc.teletalk.com.bd> ওয়েবসাইট থেকে প্রবেশপত্র ডাউনলোড করে সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো। প্রবেশপত্র ব্যতীত কোন প্রার্থীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না।
২. উক্ত লিখিত পরীক্ষা লিখোকোড সংবলিত উত্তরপত্রে গ্রহণ করা হবে। উত্তরপত্রে লিখোকোড ফরম পূরণ ও পরীক্ষা সম্পর্কিত নির্দেশাবলী সংবলিত বিজ্ঞপ্তি কমিশনের www.bpsc.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে। এর জন্য ভিন্ন ভাবে কোন বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে না।
৩. পরীক্ষায় সাধারণ ক্যালকুলেটর (সাইন্ডিফিক ক্যালকুলেটর নয়) ব্যবহার করা যাবে। বইপুস্তক, ব্যাগ, মোবাইল ফোন বা কোন ইলেকট্রনিক যন্ত্রপাতি সাথে আনা যাবে না।
৪. পরীক্ষার নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরুর ১৫ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ১ (এক) ঘন্টার মধ্যে কোন পরীক্ষার্থীর পরীক্ষা কক্ষ ত্যাগ করা নিষিদ্ধ।
৫. ভূয়া পরীক্ষার্থীদের বিরুদ্ধে বিশেষ অভিযান চালানোর ব্যবস্থা করা হয়েছে। প্রবেশপত্রের ছবি এবং স্বাক্ষরের সঙ্গে প্রার্থীর চেহারা এবং হাজিরা তালিকার স্বাক্ষরের মিল না থাকলে পরীক্ষার্থীকে বহিষ্কার করা হতে পারে।
৬. পরীক্ষায় নকল বা কোন ধরণের অসদুপায় অবলম্বন বা অসদাচরণের জন্য পরীক্ষার্থীকে হল থেকে বহিষ্কার করা হবে। নকল বা অন্য কোন অসদুপায় অবলম্বন বা কোন অসদাচরণের জন্য দোষী সাব্যস্ত হলে তাকে ভবিষ্যতে কমিশন কর্তৃক বিজ্ঞাপিত অন্য কোন পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না এবং কমিশন কর্তৃক বিজ্ঞাপিত অন্য কোন পদের জন্য তিনি আবেদন করতে পারবেন না। তাছাড়া ক্ষেত্র বিশেষে মামলা দায়ের পূর্বক আইন প্রয়োগকারী সংস্থার হাতেও উক্ত প্রার্থীকে সোপর্দ করা হবে।

- ❖ পড়াশুনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।
- ❖ চাকরীর ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

শেখ শাখাওয়াৎ হোসেন
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
যুগ্ম-সচিব।